দৈনিক
তারিখ .. 01 MAR. 2017 ...
পৃষ্ঠা ২২ ... কলাম ... ৩ ......

# ইংরেজিতেও বিসিএস পরীক্ষা নেওয়ার পরিকল্পনা

নিজস্ব প্রতিবেদক ●

এখন শুধু বাংলায় হলেও আগামী বছর থেকে ইংরেজিতেও দেওয়া যাবে পুরো বিসিএস পরীক্ষা, এমন পরিকল্পনা করছে সরকারি কর্মকমিশন (পিএসসি)। গতকাল পিএসসির একটি প্রতিনিধি দল রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে সাক্ষাতে এই পরিকল্পনার কথা জানায়।

২০১৬ সালে নিজের প্রতিষ্ঠানের কার্যক্রমের প্রতিবেদন দিতে ১৩ সদস্যের প্রতিনিধি দল নিয়ে বঙ্গভবনে গিয়েছিলেন পিএসসি চেয়ারম্যান মোহাম্মদ সাদিক।

রাষ্ট্রপতির প্রেস সচিব মো. জয়নাল আবেদীন সাংবাদিকদের বলেন, পিএসসি প্রতিনিধি দল জানিয়েছে, আগামী বছর থেকে বাংলার পাশাপাশি ইংরেজিতে বিসিএস পরীক্ষা নেওয়ার পরিকল্পনা রয়েছে তাদের।

সরকারি চাকরিতে নিয়োগের পরীক্ষায় প্রথমে ২০০ নম্বরের প্রিলিমিনারি (নৈর্ব্যক্তিক) পরীক্ষায় অংশ নিতে হয়। এর পর হয় ১১০০ নম্বরের লিখিত পরীক্ষা। সর্বশেষ ২০০ নম্বরের মৌখিক পরীক্ষায় অংশ নিতে হয়। পিএসসি চেয়ারম্যান রাষ্ট্রপতিকে জানান, ২০০৬ সালে পিএসসি ১২ হাজার এরপর পৃষ্ঠা ৬, কলাম ৪

## ইংরেজিতেও বিসিএস

(শেষ পৃষ্ঠার পর) ৮৭৬ জনকে নিয়োগ দেওয়ার সুপারিশ করে (২ হাজার ১৭২ জনকে ক্যাডার পোস্ট এবং ১০ হাজার ৭০৪ জনকে নন-ক্যাডার)।

২০০৯ থেকে ২০১৬ সাল পর্যন্ত ৪৬ হাজার ৮৭৮-কে (২৬ হাজার ১৯৩ জন ক্যাডার, ২০ হাজার ৬৮৫ জনকে নন-ক্যাডার) নিয়োগের সুপারিশ করেছে পিএসসি। যোগ্য ও মেধাবীরা যাতে নিয়োগ পায়, তা নিশ্চিত করতে পরীক্ষার উত্তরপত্র সঠিকভাবে মূল্যায়ন করার জন্য পিএসসিকে আহ্বান জানান রাষ্ট্রপতি। প্রয়োজনে উত্তরপত্র পুনঃপরীক্ষার কথাও বলেন তিনি।